

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ১৪, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ২৭ মাঘ ১৪১৮বঙ্গাব্দ/৯ ফেব্রুয়ারি ২০১২ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৪১-আইন/২০১২/৬৩১-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালায়—

(১) বিধি ৯ এর উপ-বিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(৫) নিবন্ধনে দায়বদ্ধ ব্যক্তি নিবন্ধনের আবেদনপত্রের সহিত ফরম “মূসক-৭” এ করযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন বা সেবা প্রদান বা ক্রয়-বিক্রয় বা মজুদকরণে ব্যবহৃতব্য অঙ্গন, প্লান্ট, মূলধনী যন্ত্রপাতি ও ফিটিংস এবং উৎপাদিতব্য পণ্য বা প্রদেয় সেবা ও উহার প্রধান উপকরণসমূহের বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রদান করিবেন।”

(৮৫৫)

মূল্য : টাকা ২.০০

(২) ফরম “মূসক-৭” এর পরিবর্তে নিম্নরূপ ফরম “মূসক-৭” প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

“মূসক-৭”

অঙ্গন, প্লান্ট, মূলধনী যন্ত্রপাতি, ফিটিংস, উৎপাদিতব্য পণ্য, প্রদেয় সেবা ও উপকরণের বিবরণ সম্বলিত ঘোষণাপত্র

[বিধি ৯ (৫) দ্রষ্টব্য]

নাম ঃ				(স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় পূরণ করিবে)		
				১। করদাতা সনাক্তকরণ সংখ্যা ঃ		
ঠিকানা (ব্যবসায়িক) ঃ				২। এলাকা কোড ঃ		
স্থায়ী ঠিকানা ঃ				৩। কার্যক্রমের কোড ঃ		
উৎপাদিত পণ্য ও উপকরণের বর্ণনা/সেবা প্রদানকারী কর্তৃক নিজস্ব অঙ্গনে বা প্রতিষ্ঠানে ব্যবহার্য বা ব্যবহৃতব্য যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও ফিটিংস এর বিবরণ				৪। মানচিত্রের সাথে প্রকৃত স্থাপনা মিলাইয়া (ক) সঠিক পাওয়া গেল <input type="checkbox"/> (খ) সঠিক পাওয়া গেল না <input type="checkbox"/> ৫। পণ্য ও উপকরণের ক্ষেত্রে নিম্নরূপ পরিবর্তনের সুপারিশ করা হইল।		
উৎপাদিত পণ্যের বা প্রদত্ত সেবার নাম	একক	উপকরণের নাম	প্রতি একক উৎপাদনে/সেবা প্রদানে প্রয়োজনীয় পরিমাণ	ক্রমিক সংখ্যা	আপত্তি	সুপারিশ
১	২	৩	৪	১	২	৩
				অপর পৃষ্ঠায় দেখুন <input type="checkbox"/>		
				তারিখ ঃ ----- রাজস্ব কর্মকর্তা এর স্বাক্ষর নাম ঃ -----		
				(সংযোজনী)		
				১। অংগনের বর্ণনা (মানচিত্র) <input type="checkbox"/>		
				২। প্লান্টের বর্ণনা (মানচিত্র) <input type="checkbox"/>		
				৩। যন্ত্রপাতির বর্ণনা (মানচিত্র) <input type="checkbox"/>		
				৪। যন্ত্রপাতি, প্লান্ট, ফিটিংস এর ক্যাটালগ <input type="checkbox"/>		
				আমি ঘোষণা করিতেছি যে, ঘোষণার প্রদত্ত সকল তথ্যাদি সত্য ও সঠিক।		
				তারিখ ঃ ----- (করদাতার স্বাক্ষর)		

করদাতার জন্য নির্দেশাবলি					
<p>১। উৎপাদিত পণ্য বা প্রদত্ত সেবার বর্ণনা ও উপকরণের ক্ষেত্রে করদাতা যে সকল পণ্য উৎপাদন বা সেবা প্রদান করিতে চাহেন তাহাদের নাম ও একক লিখিবেন এবং উপকরণের ঘরে উক্ত পণ্যসমূহ উৎপাদনে বা সেবা প্রদানে যে সমস্ত উপকরণ প্রয়োজন তাহাদের মধ্যে যেগুলি গুরুত্বপূর্ণ সেইগুলির নাম লিখিবেন এবং প্রতি একক পণ্য উৎপাদন বা সেবা প্রদানে যে সকল উপকরণের প্রয়োজন তাহার পরিমাণ লিপিবদ্ধ করিবেন।</p> <p>২। করদাতা ঘোষণাপত্রের সহিত সংযোজনী হিসাবে প্রস্তুতকারীর বা উৎপাদনকারীর ক্ষেত্রে যন্ত্রপাতির অবস্থান এবং সেবা প্রদানকারীর ক্ষেত্রে অঙ্গনের অভ্যন্তরের বিন্যাস প্রদর্শনপূর্বক মানচিত্র এবং যন্ত্রপাতি, প্লান্ট, ফিটিংস এর ক্যাটালগ দাখিল করিবেন।</p>					
(বিভাগীয় কর্মকর্তার দপ্তর পূরণ করিবে)					
<p>১। দাখিলকৃত ঘোষণায় কোনো আপত্তি না থাকায় অনুমোদন করা হইল। []</p> <p>২। দাখিলকৃত ঘোষণায় নিম্নলিখিত পরিবর্তন করা হইল :</p>					
ক্রমিক সংখ্যা	পরিবর্তন	মন্তব্য	ক্রমিক সংখ্যা	পরিবর্তন	মন্তব্য
<p>৩। নিবন্ধনপত্র প্রদান করা হইল।</p> <p style="text-align: right;">বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর নাম :</p> <p>তারিখ :</p>					
(অফিসের ব্যবহারের জন্য)					

০২। ইহা ১০ জানুয়ারি, ২০১২ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ শওকাত হোসেন

প্রথম সচিব (মূসক নীতি-১)।

আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd